121

ভোরের কাগজ

তারিখ ... 0 1 APR 1998 ...
পৃঃ ১ কলাম ৩

বোর্ড চেয়ারম্যান বললেন ২৮ মে থেকেই পরীক্ষা হবে

# এইচএসসি পরীক্ষা পিছানোর দাবিতে গাড়ি ভাঙচুর

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : আগামী ২৮ মে থেকে অনুষ্ঠেয় উচ্চ মাধ্যমিক পরীক্ষা পিছানোর দাবিতে গতকাল মঙ্গলবার কতিপয় ছাত্র প্রায় ২০টি গাড়ি ভাঙচুর করেছে। পুলিশ ঘটনাস্থল থেকে ১১ জন ছাত্রকে গ্রেপ্তার করেছে। বিশ্বকাপ ফুটবলের মাসে অধিকাংশ পরীক্ষার তারিখ পড়ায় ছাত্ররা পরীক্ষা পিছানোর দাবি জানিয়ে আসছে। এ প্রসঙ্গে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তোজাম্মেল হোসেন ভোরের কাগজকে জানিয়েছেন, নির্ধারিত তারিখেই এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে ৩০/৩৫ জন ছাত্র মিছিলসহকারে জাতীয় প্রেসক্লাবের সামনে এসে সমাবেশ করার চেষ্টা করে। মিছিলে তারা এইচএসসি পরীক্ষা পিছানোর দাবি জানায় এবং এর কারণ হিসেবে তারা একই সময়ে বিশ্বকাপ ফুটবল খেলার কথা উল্লেখ করে। তারা ১২ জুলাই বিশ্বকাপ শেষ হওয়ার পর পরীক্ষা অনুষ্ঠানের দাবি জানায়। একজন বিক্ষুব্ধ ছাত্র জানায়, নির্ধারিত সময়ে পরীক্ষা হলে আমরা গুরুত্বপূর্ণ কিছু খেলা দেখতে পারবো না।

সমাবেশের চেষ্টারত ছাত্রদের পুলিশ ধাওয়া দিলে ছাত্ররা সেগুনবাগিচা গলিতে ঢুকে পড়ে। সেখানে তারা একটি পুলিশের গাড়িসহ প্রায় ২০টি প্রাইভেটকার, মাইক্রোবাস ও ট্রাক ভাঙচুর করে। প্রত্যক্ষদর্শীরা জানান, তোপখানা রোড সংলগ্ন গলি থেকে শুরু করে ছাত্ররা শিল্পকলা একাডেমী পর্যন্ত গাড়ি ভাঙচুর করে। এরপর পুলিশ একটি গাড়ি নিয়ে অগ্রসর হলে ছাত্ররা পুলিশের গাড়িটিও ভাঙচুর করে। শিল্পকলা একাডেমীর কাছ থেকে পুলিশ ১১ জন ছাত্রকে গ্রেপ্তার করে। বাকি ছাত্ররা দৌড়ে পালিয়ে যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

উল্লেখ্য, এ বছর প্রায় ৩ লাখ ছাত্রছাত্রী ২৮ মে থেকে শুরু হয়ে পুরো জুন মাসজুড়ে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষায় অংশ নেবে। অন্যদিকে মাসব্যাপী বিশ্বকাপ ফুটবল শুরু হচ্ছে ১০ জুন থেকে। সাধারণ পরীক্ষার্থীরা বিশ্বকাপের কারণে পরীক্ষা পিছাবে কিনা তা নিয়ে উদ্বিগ্ন আর বিক্ষুব্ধ কিছু ছাত্র ইতিমধ্যেই পথে নেমে পড়েছে।

গতকাল রাতে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তোজাম্মেল হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, পরীক্ষার ৪ মাস আগেই পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। সকল দিক বিবেচনা করেই এই তারিখ ঠিক করা হয়েছে। তিনি আরো বলেন, পরীক্ষা পিছানো হলে শিক্ষাব্যবস্থায় বিরূপ প্রতিক্রিয়া পড়বে। নির্ধারিত ২৮ মে থেকেই পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে তিনি ভোরের কাগজকে জানান। ● ছবি– পৃষ্ঠা ১২